গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল

দ্বৈত বেঞ্চ-১, ঢাকা (প্রধান কার্যালয়)

www.tat.gov.bd

নম্বর: ০৮.০২.০০০০.০০০.০৫.০০২.১৮.২১৯

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭

২৬ জুলাই ২০২০

প্রাপক:

১) সদস্য (প্রসাশনিক দায়িত্বপ্রাপ্ত),সকল বেঞ্চ।

২) রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), দ্বৈত বেঞ্চ-১, ঢাকা (প্রধান কার্যালয়), ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল

৩) সহকারী রেজিস্ট্রার(সকল)

৪) সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর, দ্বৈত বেঞ্চ-১, ঢাকা (প্রধান কার্যালয়), ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল ( পিএ টু প্রেসিডেন্ট )

বিষয়: **২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬-০৭-২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সংক্রান্ত ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে,অত্র ট্রাইবুনালের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গত ২৬-০৭-২০২০ তারিখ রোজ রবিবার সকাল ১০-৩০ ঘটিকায় ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের প্রেসিডেন্ট এবং নৈতিকতা কমিটির সভাপতি জনাব কালিপদ হালদার এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।সেমতে উক্ত সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণপূর্বক সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্ত সমূহ যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে বাস্তবায়নকারী( কার্যবিবরণীর সর্বশেষ ডানের কলামে বর্ণিত ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

সংযুক্ত, বর্ণিতমতে।

...

২৬-৭-২০২০

মোছাঃ শামীম আরা বেগম
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৯৩৩৩৯৫১
ফ্যাক্স: ০২-৫৮৩১০৩৫৭
ইমেইল: registrar@tat.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল
সি.জি.এ. ভবন (২য় তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
**www.tat.gov.bd**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের (২০২০-২১) নিমিত্তে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ কালিপদ হালদার
প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
সভার স্থানঃ ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল, ঢাকা'র সভা কক্ষ।
সভার তারিখ ঃ ২৬-০৭-২০২০ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকায়।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচী অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। উপস্থাপিত ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা পর্যালোচনা করা হয়। আলোচনা পর্যালোচনা শেষে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সকলের সর্ব সম্মতিক্রমে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরুপ সিদ্ধান্তসহ বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নাম/পদবী নির্ধারণ করা হয় ঃ

| ক্র/নং | আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নাম/পদবী |
|---|---|---|---|---|
| | ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্হা | | | |
| | ১. নৈতিকতা কমিটির সভা | ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড পূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | যথাসময়ে পরবর্তী সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| | ১.২নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | -ঐ- | অদ্যকার সভার সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বাস্তবায়ন করে সেপ্টেম্বর/২০২০ মাসের শেষ সপ্তাহের মধ্যে তা দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য (প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত) ও সহকারী রেজিস্ট্রার। |
| ২. দক্ষতার ও নৈতিকতার উন্নয়ন | | | | |
| | ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | -ঐ- | ১। চলতি অর্থ বছরে ২টি অংশীজনের সভা লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। তন্মোধ্যে ১টি সভা ঢাকা প্রধান দপ্তর কর্তৃক এবং অপর ১টি সভা দ্বৈত বেঞ্চ- চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অপরদিকে উক্ত কার্যক্রম বাস্তবায়ন করে সভার নোটিশ হাজিরা ও সভার কার্যবিবরণী প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রেসিডেন্ট ও সদস্য, দ্বৈত বেঞ্চ-চট্টগ্রাম। |
| | ২.২ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | -ঐ- | সংশ্লিস্ট বেঞ্চ (প্রধান দপ্তর-ঢাকা ২য় কোয়ার্টার এর মধ্যে এবং দ্বৈত বেঞ্চ- চট্টগ্রাম ৩য় কোয়ার্টার এর মধ্যে অংশীজনের সভা আহব্বান করণ) অংশীজনের অংশগ্রহনে সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য, দ্বৈত বেঞ্চ-চট্টগ্রাম ও রেজিষ্ট্রার, প্রধান দপ্তর। |
| | ২.৩ কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | -ঐ- | সকল বেঞ্চ চলতি অর্থ বছরে ১টি করে এতদ্বসংক্রান্ত সভা আয়োজন বাস্তবায়ন করে সভার নোটিশ,হাজিরা ও কার্যবিবরণী প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার ও সকল সহকারী রেজিস্ট্রার। |
| | ২.৪ কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | -ঐ- | সকল বেঞ্চ চলতি অর্থ বছরে ১টি করে এতদ্বসংক্রান্ত সভা আয়োজন বাস্তবায়ন করে সভার নোটিশ,হাজিরা ও কার্যবিবরণী প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার ও সকল সহকারী রেজিস্ট্রার। |
| ৩. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ ............................৮ | | | | |
| | ৩.১ সেবা সংক্রান্ত টৌল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | -ঐ- | জনাব মুহাং জসীম উদ্দীন পিএ টু প্রেসিডেন্ট এতদ্ববিষয়ে সেবা সংক্রান্ত টৌল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে আগামী ১৬-০৮-২০২০ তারিখের মধ্যে দৃশ্যমান করে তা রেজিষ্ট্রারকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও মুহাং জসীম উদ্দীন, পিএটু প্রেসিডেন্ট। |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরন | -ঐ- | জনাব মুহাং জসীম উদ্দীন পিএ টু প্রেসিডেন্ট এতদ্ববিষয়ে ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করে আগামী ১৬-০৮-২০২০ তারিখের মধ্যে রেজিষ্ট্রারকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও মুহাং জসীম উদ্দীন, পিএটু প্রেসিডেন্ট। |
| ৩.৩ স্ব-স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স হালনাগান করণ। | -ঐ- | জনাব মুহাং জসীম উদ্দীন পিএ টু প্রেসিডেন্ট এতদ্ববিষয়ে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদ করে আগামী ১৬-০৮-২০২০ তারিখের মধ্যে রেজিষ্ট্রারকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও মুহাং জসীম উদ্দীন, পিএটু প্রেসিডেন্ট। |
| ৩.৪ স্ব-স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগদকরণ। | -ঐ- | জনাব মুহাং জসীম উদ্দীন পিএ টু প্রেসিডেন্ট এতদ্ববিষয়ে ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগদ করে আগামী ১৬-০৮-২০২০ তারিখের মধ্যে রেজিষ্ট্রারকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও মুহাং জসীম উদ্দীন, পিএটু প্রেসিডেন্ট। |
| ৩.৫ স্বপ্রণদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটের প্রকাশ | -ঐ- | জনাব মুহাং জসীম উদ্দীন পিএ টু প্রেসিডেন্ট এতদ্ববিষয়ে স্বপ্রণদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটের প্রকাশ করে আগামী ১৬-০৮-২০২০ তারিখের মধ্যে রেজিষ্ট্রারকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও মুহাং জসীম উদ্দীন, পিএটু প্রেসিডেন্ট। |
| ৪. সুশাসন প্রতিষ্ঠা ..........................৬ | | | |
| ৪.১ উত্তম চর্চা তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ। | -ঐ- | অত্র ট্রাইবুনালের প্রেসিডেন্ট মহোদয় আগামী ৩১-০৮-২০২০ তারিখের মধ্যে উত্তম চর্চার তালিকা প্রনয়ন করে তা অত্র ট্রাইবুনালের সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানোসহ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রেসিডেন্ট মহোদয়। |
| ৪.২ অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তি করণ | -ঐ- | অত্র ট্রাইবুনালে অনলাইন সিস্টেমে কোন অভিযোগ দায়ের হলে তা ট্রাইবুনালের ফোকাল পয়েন্ট কর্মকর্তা যথাসময়ে নিষ্পত্তি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৫. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার | | | |
| ৫.১ পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | -ঐ- | অত্র ট্রাইবুনালের প্রেসিডেন্ট মহোদয় আগামী ১৮-০৮-২০২০ তারিখের মধ্যে পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করবেন। বাস্তবায়ীত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করনের সিদ্ধান্ত গৃহীত হয় | প্রেসিডেন্ট মহোদয় ও মুহাং জসীম উদ্দীন, পিএটু প্রেসিডেন্ট। |
| ৫.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | -ঐ- | ই- টেন্ডারের মাধ্যমে ক্রয়যোগ্য কোন কার্যক্রম থাকলে তা বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার ও মুহাং জসীম উদ্দিন সাট লিপিকার (পিএ) |
| ৬. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ | | | |
| ৬.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | -ঐ- | অত্র ট্রাইবুনালের সিটিজেন চার্টার বিদ্যমান আছে। যা ওয়েব সাইটে ও প্রতিটি বেঞ্চের দেওয়ালে প্রদর্শিত আছে। প্রেসিডেন্ট মহোদয় যদি মনে করেন বিদ্যমান সিটিজেন চার্টার সংযোজন/বিয়োজন প্রয়োজন আছে, তবে তা তিনি ২৭-০২-২০২১ তারিখের মধ্যে করতে পারবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় | প্রেসিডেন্ট মহোদয়। |
| ৬.২ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন। | -ঐ- | অত্র ট্রাইবুনালের অধীন যে কোন দুটি বেঞ্চে ২য় কোয়ার্টারে ১টি এবং ৩য় কোয়ার্টারে ১টি পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রেসিডেন্ট মহোদয়ের নিকট দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার। |
| ৬.৩ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ণ। | -ঐ- | সংশ্লিষ্ট দ্বৈত বেঞ্চ পরিদর্শন পূর্বক পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সংশ্লিষ্ট বেঞ্চে প্রেরণসহ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার |
| ৬.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | -ঐ- | ইতোমধ্যে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তথাপিও বর্তমান বছরে এতদসংক্রান্ত বিষয়ে কোন কার্যক্রম থাকলে তা রেজিষ্ট্রার এর সাথে আলোচনা করে জনাব মুহাং জসীম উদ্দীন, পিএ টু প্রেসিডেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার ও মুহাং জসীম উদ্দীন, পিএ টু প্রেসিডেন্ট। |
| ৬.৫ শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | -ঐ- | গত অর্থ বছরে শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছিল। কিন্তু করোনা মহামারীর কারণে তা সম্ভব হয়নি। উক্ত কার্যক্রমটি চলতি বছরেই ৩য় কোয়ার্টার এর মধ্যে সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার এবং সংশ্লিষ্ট কমিটি। |
| ৬.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | -ঐ- | এতদবিষয়ে গত অর্থ বছরে দ্বৈত বেঞ্চ চট্টগ্রামে গণশুনানী আয়োজন করণের লক্ষ্যমাত্রা ছিল। কিন্তু করোনা মহামারীর কারণে তা সম্ভব হয়নি বিধায় চলতি অর্থ বছরের ২য় কোয়ার্টার এর মধ্যে সুবিধাজনক সময়ে স্বাস্থ্য বিধি মেনে গনশুনানী আয়োজন করে অগ্রগতির তথ্য (নোটিশ, হাজিরা ও কার্যপত্র) প্রধান দপ্তরে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত), দ্বৈত বেঞ্চ-চট্টগ্রাম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) | | | | |
| | ৭.১ যথাসময়ে (প্রতিমাসে দায়েরকৃত কর মামলাসমূহ পরবর্তী মাসের ১ম সপ্তাহে) দায়েরকৃত কর মামলাসমূহ নিবন্ধন নম্বর( আইটিএ নম্বর) প্রদান করা। | -ঐ- | প্রতিমাসে দায়েরকৃত কর মামলাসমূহের নিবন্ধন নম্বর প্রদানের নিমিত্ত প্রতি মাসের দায়েরকৃত মামলা সমূহের বিবরণ পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে দ্বৈত বেঞ্চ চট্টগ্রাম, খুলনা ও রংপুরের কর্তৃপক্ষ প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী রেজিস্ট্রার দ্বৈত বেঞ্চ চট্টগ্রাম, খুলনা ও রংপুর। |
| | ৭.২ আইটিএ নম্বর প্রাপ্তির পর ১০ দিনের মধ্যে আপীল মামলা শুনানীর নোটিশ জারী করা। | -ঐ- | আইটিএ নম্বর প্রাপ্তির পর ১০ দিনের মধ্যে আপীল মামলা শুনানীর নোটিশ জারী করাসহ এতদসংক্রান্ত তথ্য প্রতিমাসের ২ তারিখের মধ্যে প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার এবং সকল সহকারী রেজিস্ট্রার। |
| | ৭.৩ উপর্যুক্ত কর্তৃপক্ষ/ব্যক্তির উপর সঠিক শুনানীর নোটিশ জারী করা (কোন ব্যত্যয় থাকলে অফিসকে অবহিত করা) | -ঐ- | উপর্যুক্ত কর্তৃপক্ষ/ব্যক্তির উপর সঠিক শুনানীর নোটিশ জারী (কোন ব্যত্যয় থাকলে অফিসকে অবহিত করা) করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয় এবং এতদসংক্রান্ত তথ্য প্রতিমাসের ২ তারিখের মধ্যে প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার এবং সকল সহকারী রেজিস্ট্রার। |
| | ৭.৪ আবেদনকারী চাহিবামাত্র ৭ দিনের মধ্যে (প্রয়োজনীয় স্ট্যাম্প এবং কপিং ফি এর প্রমানপত্র গ্রহণ করে) অনিষ্পন্ন সার্টিফাইড কপি সরবরাহ করা। | -ঐ- | আবেদনকারী চাহিবামাত্র ৭ দিনের মধ্যে (প্রয়োজনীয় স্ট্যাম্প এবং কপিং ফি এর প্রমানপত্র গ্রহণ করে) অনিষ্পন্ন সার্টিফাইড কপি সরবরাহ করে এতদসংক্রান্ত তথ্য প্রতিমাসের ২ তারিখের মধ্যে প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিস্ট্রার এবং সকল সহকারী রেজিস্ট্রার। |
| | ৭.৫ দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) তথ্য বাতায়নে অন্তর্ভুক্ত করনের বিষয়টি আরো সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট স্পষ্টি করণ করা। | -ঐ- | গত অর্থ বছরের ন্যায় চলতি অর্থ বছরেও সকল বেঞ্চের কর্তৃপক্ষ কর্মকর্তা/কর্মচারীদের দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) তথ্য বাতায়নে অন্তর্ভুক্ত করনের বিষয়টি সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট স্পষ্টি করণপূর্বক এতদসংক্রান্ত তথ্য প্রতিমাসের ২ তারিখের মধ্যে প্রধান দপ্তরে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী রেজিস্ট্রার, সকল বেঞ্চ। |
| ৮. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান | | | | |
| | ৮.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ। | -ঐ- | বিগত বছরের ন্যায় চলতি বছরেও সংশ্লিষ্ট বিধি অনুযায়ী আগামী ১০-০৬-২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রেসিডেন্ট মহোদয়। |
| ৯. কর্ম-পরিবেশ উন্নয়ন ....... | | | | |
| | ৯.১ কর্ম পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)। | -ঐ- | ১। সকল বেঞ্চের কর্তৃপক্ষ আগামী ১৭-০৯-২০২০ তারিখের মধ্যে স্বাস্থ্যবিধি অনুসরন সংক্রান্ত কর্ম পরিবেশ উন্নয়ন করে গৃহীত কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রেসিডেন্ট মহোদয়ের বরাবরে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সকল বেঞ্চের কর্তৃপক্ষ আগামী ২১-১০-২০২০ তারিখের মধ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করে গৃহীত কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রেসিডেন্ট মহোদয়ের বরাবরে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সকল বেঞ্চের কর্তৃপক্ষ আগামী ০৯-০৩-২০২১ তারিখের মধ্যে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল (যথা: পুরাতন কম্পিউটার, ফটোকপিয়ার এবং ইত্যাদি) বিনষ্ট করে কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রেসিডেন্ট মহোদয়ের বরাবরে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সদস্য (প্রশাসনিক দায়িত্বপ্রাপ্ত), সকল বেঞ্চ।<br>২। রেজিষ্ট্রার<br>৩। সকল সহকারী রেজিস্ট্রার |
| ১০. অর্থ বরাদ্দ | | | | |
| | ৯.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ। | -ঐ- | প্রধান দপ্তরের রেজিষ্ট্রার এ বিষয়টি তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেজিষ্ট্রার |

অতঃপর বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র (অদ্যকার সভার কার্যবিবরণীসহ) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

…/…/2021

(কালিপদ হালদার)
প্রেসিডেন্ট
ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল
ঢাকা